

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদযাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, নভেম্বর ৩০, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজকল্যাণ মন্ত্রণালয়  
সামাজিক নিরাপত্তা শাখা  
প্রজ্ঞাপন

তারিখ : ২৬ কার্তিক ১৪২৮/১১ নভেম্বর ২০২১

নং ৪১.০০.০০০০.০৪৩.০১.০০৪.১৬-২৯৫—“দক্ষ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা” এর অনুচ্ছেদ নং ৭.৮ নিম্নরূপভাবে সরকার কর্তৃক সংশোধন/প্রতিস্থাপন করা হলো:

(ক) বর্ণিত নীতিমালার অনুচ্ছেদ নং ৭.৮ নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে:

“কোন ব্যক্তি নীতিমালার ২ অনুচ্ছেদ অনুযায়ী দক্ষ হলে এবং তার বাৎসরিক আয় ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার উর্ধ্বে না হলে তাকে চিকিৎসা সহায়তা প্রদানের লক্ষ্যে গুরুত্বানুসারে এককালীন ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা হতে ২০,০০০/- (বিশ হাজার) টাকা পর্যন্ত দক্ষদের চিকিৎসাজনিত বিশেষ অনুদান বাবদ বরাদ্দ এবং ক্ষুদ্রঋণের অর্জিত সার্ভিস চার্জের ৮০% হতে অনুদান প্রদান করা যাবে। যে সকল কার্যালয়ে রোগী কল্যাণ সমিতি আছে এবং দক্ষ ব্যক্তিদের চিকিৎসা প্রদান করা হয়, সে সকল হাসপাতালের অনুকূলে দক্ষজনিত চিকিৎসা বাবদ বিশেষ অনুদানের বরাদ্দ প্রদান করা হবে। রোগী কল্যাণ সমিতি নিজস্ব অর্থ ব্যবস্থাপনায় অনুদানের অর্থ ব্যয় করবে। পরবর্তীতে এ বিষয়ে সংশ্লিষ্ট উপপরিচালককে অবহিত করতে হবে। একজন ব্যক্তি যে কোনো একটি তহবিল হতে একবার এই সহায়তা পাবেন। সংশ্লিষ্ট কার্যালয় দক্ষ ব্যক্তির তথ্য (নাম, পিতা/স্বামীর নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ ও বয়স, শিক্ষাগত যোগ্যতা, পেশা, বাৎসরিক আয়, দক্ষ হওয়ার তারিখ, কীভাবে দক্ষ হল, কোন মামলা হয়েছে কিনা, আরও চিকিৎসার প্রয়োজন আছে কিনা ইত্যাদি) সংরক্ষণ করবেন। অনুদান প্রদান সংক্রান্ত হিসাব আলাদা রেজিস্টারে সংরক্ষণ করতে হবে। এককালীন অনুদান পাওয়ার পর দক্ষ ব্যক্তি ইচ্ছা করলে নীতিমালা অনুযায়ী ক্ষুদ্রঋণের সুযোগ গ্রহণ করতে পারবে”।

২। উল্লিখিত সংশোধনী অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
মুহাম্মদ শাখীর আহম্মদ চৌধুরী  
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৭৪৭১)

মূল্য : টাকা ৪.০০